# অর্থ বিভাগের মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | প্রধান কার্যক্রম |
|---|---|
| ১. সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা | ➢ রাজস্ব আয় ও ব্যয় পরিকল্পনা, ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা ও অর্থায়ন এবং মুদ্রা ও আর্থিক নীতির মধ্যে সমন্বয় সাধন;<br>➢ অভ্যন্তরীণ ও বহিঃঅর্থনৈতিক পরিস্থিতি পর্যবেক্ষণসহ সামষ্টিক অর্থনৈতিক খাতের উপযোগী নীতি-পরামর্শ প্রণয়ন এবং সরকারের নিকট উপস্থাপন; এবং<br>➢ মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি (Medium Term Macroeconomic Policy Statement) প্রণয়ন। |
| ২. স্থিতিশীল রাজস্ব ব্যবস্থাপনা, সম্পদ বন্টনে দক্ষতা এবং দারিদ্র্যবান্ধব প্রবৃদ্ধি অর্জন | ➢ জাতীয় উন্নয়ন কৌশল অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের নীতি ও অগ্রাধিকারের ভিত্তিতে সম্পদ বন্টন;<br>➢ মন্ত্রণালয় ও বিভাগের বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ; এবং<br>➢ বাজেটের বাস্তবায়ন পরিবীক্ষণ এবং বাস্তবায়ন সম্পর্কে ত্রৈমাসিক প্রতিবেদন জাতীয় সংসদে উপস্থাপন। |
| ৩. টেকসই ঋণ ব্যবস্থাপনা | ➢ মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোর সাথে সামঞ্জস্যপূর্ণ মধ্যমেয়াদি ঋণ কৌশল (Medium Term Debt Strategy-MTDS) প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন; এবং<br>➢ আধা-সরকারি প্রতিষ্ঠানের অনাদায়ী অর্থ আদায় ও তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি। |
| ৪. কর বহির্ভূত রাজস্ব ব্যবস্থাপনা | ➢ কর বহির্ভূত সকল রাজস্ব সংক্রান্ত বিধি পর্যালোচনা, হার নির্ধারণ, মধ্যমেয়াদি প্রক্ষেপণ প্রণয়ন এবং আদায় কার্যক্রম পরিবীক্ষণ ও আধুনিকায়ন। |
| ৫. অর্থ ব্যবস্থাপনা সংস্কার | ➢ হিসাবরক্ষণ পদ্ধতি ও আর্থিক প্রতিবেদন প্রণয়নে দক্ষতা বৃদ্ধি;<br>➢ বেতন-ভাতা, পেনশন, ভবিষ্য তহবিল, ঋণ ও অগ্রিমসহ সরকারি সম্পদ সম্পর্কিত হিসাব সংরক্ষণ পদ্ধতির উন্নয়ন;<br>➢ iBAS++ ব্যবস্থার আধুনিকায়ন ও সম্প্রসারণ;<br>➢ রাষ্ট্রায়ত্ত সংস্থা/প্রতিষ্ঠানসমূহের আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।<br>➢ রাষ্ট্রীয় কোষাগার হতে যে কোন নগদ স্থানান্তর (Transfer) জিটুপিতে রূপান্তর; |




জাতীয় সংসদে ২০২১-২২ অর্থবছরের বাজেট অধিবেশনে প্রবেশরত মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় অর্থমন্ত্রী